

প্রাঙ্গণে মোর শিরীষশাখায় ফাগুন মাসে
 কী উচ্ছ্বাসে
 ক্লাস্তিবিহীন ফুল ফোটানোর খেলা ।
 ক্ষান্তকুজন শান্তবিজন সন্ধ্যাবেলা
 প্রত্যহ সেই ফুল্ল শিরীষ প্রশ্ন শুধায় আমায় দেখি
 'এসেছে কি— এসেছে কি ।'

আর বছরেই এমনি দিনেই ফাগুন মাসে
 কী উচ্ছ্বাসে
 নাচের মাতন লাগল শিরীষ-ডালে
 স্বর্গপুরের কোন্ নুপুরের তালে ।
 প্রত্যহ সেই চঞ্চল প্রাণ শুধিয়েছিল, 'শুনাও দেখি
 আসে নি কি— আসে নি কি ।'
 আবার কখন এমনি দিনেই ফাগুন মাসে
 কী আশ্বাসে
 ডালগুলি তার রইবে শ্রবণ পেতে
 অলখ জনের চরণ-শব্দে মেতে ।
 প্রত্যহ তার মর্মরস্বর বলবে আমায় কী বিশ্বাসে,
 'সে কি আসে— সে কি আসে ।'

প্রশ্ন জানাই পুষ্পবিভোর ফাগুন মাসে
 কী আশ্বাসে,
 'হায় গো, আমার ভাগ্য-রাতের তারা,
 নিমেষ-গণন হয় নি কি মোর সারা ।'
 প্রত্যহ বয় প্রাঙ্গণময় বনের বাতাস এলোমেলো—
 'সে কি এল— সে কি এল ।'

Parjaay: Bichitro, Taal: Dadra, Raag: Bhairavi
 Visit www.geetabitan.com for notation and other detail